তারিখ 04 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম 7

দৈনিক ইত্তেফাক

# শিক্ষার্থীদের জন্য নোট বই বাধ্যতামূলক!

■ কাহারোল (দিনাজপুর) সংবাদদাতা

সরকারি নিয়মনীতির তোয়াক্কা না করে কাহারোলে বিভিন্ন বইয়ের দোকানে অবাধে বিক্রি হচ্ছে নিষিদ্ধ গাইড ও নোট বই। একটি সিন্ডিকেট বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে রাজি করিয়ে শিক্ষার্থীদের মাঝে ছড়িয়ে দিচ্ছে এসব নোট বই। ফলে বঞ্চিত হচ্ছে সৃজনশীল শিক্ষার্থীরা।

জানা যায়, উপজেলার বিভিন্ন স্কুলে পাঞ্জেরী ও জননী প্রকাশনীর নোট ও গাইড বই বিক্রি করছে। তৃতীয় শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত সব ধরনের নোট ও গাইড বই বিক্রি হচ্ছে প্রতিদিন। দীর্ঘদিন ধরে প্রতিষ্ঠানগুলো কাহারোলে এই বাণিজ্য চালিয়ে যাচ্ছে। প্রশাসন কোনো ব্যবস্থা গ্রহণ করেনি।

উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে মোটা অংকের ঘুষ দিয়ে শিক্ষার্থীদের হাতে তুলে দিচ্ছে নোট, গাইড ও গ্রামার বই। নাম প্রকাশে অনিচ্ছুক শিক্ষক সমিতির এক নেতা জানান, বিভিন্ন প্রকাশনীর নিষিদ্ধ নোট, গাইড ও গ্রামার বই বিক্রির জন্য উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সঙ্গে প্রকাশনীর আর্থিক লেনদেন হয়েছে।